গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
www.molwa.gov.bd



স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.২০.০০২.২০১১-১৮(অংশ-১)- ১১৬

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সেগুণবাগিচা, ঢাকা।

বিষয়: বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ এবং আত্ম-কর্মসংস্থান কর্মসূচির আওতায় ক্ষুদ্রঋণ কার্যক্রমের জন্য ২০২৬-২৭ অর্থবছরে ২য় কিস্তিতে ৭৫,০০,০০০/- (পঁচাত্তর লক্ষ) টাকা ছাড়করণে আর্থিক মঞ্জুরী জ্ঞাপন।

আদিষ্ট হয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ এবং আত্ম-কর্মসংস্থানের নিমিত্ত চলতি ২০২৬-২৭ অর্থবছরে বাজেটে ১৩২০১১৩০০- কোডের আওতায় মুক্তিযোদ্ধাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিল এর উপখাত ৩৬৩১১০৬ ঘূর্ণায়মান তহবিল অনুদান খাতে বরাদ্দকৃত ৩০০.০০ লক্ষ (তিন কোটি) টাকা থেকে ২য় কিস্তি (অক্টোবর - ডিসেম্বর, ২০২৬ প্রান্তিকে) বাবদ ৭৫.০০ লক্ষ (পঁচাত্তর লক্ষ) টাকা নিম্নোক্ত শর্তসাপেক্ষে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের অনুকূলে ছাড়করণে আর্থিক মঞ্জুরী জ্ঞাপন করছি।

০২। শর্তাবলি:

(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত সমন্বিত তালিকার তথ্য যাচাইপূর্বক বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের মধ্যে দ্রুত ক্ষুদ্র ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) ঋণ বিতরণে 'বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের প্রশিক্ষণ এবং আত্ম-কর্মসংস্থান' কর্মসূচির অধীন ক্ষুদ্র ঋণ নীতিমালা এবং অন্যান্য সকল আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থ তফসীলভুক্ত ব্যাংকে জমা রাখতে হবে;

(ঘ) ৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত সুদ ও আসলসহ মোট মূলধনের পরিমান এবং বর্তমান ব্যাংক স্থিতির বিষয়ে প্রকৃত তথ্য/ব্যাংক বিবরণীর কপি প্রেরণ করতে হবে।

০৩। ছাড়কৃত ৭৫.০০ লক্ষ (পঁচাত্তর লক্ষ) টাকা উত্তোলনের জন্য বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের মহাপরিচালক'কে আয়ন ব্যয়ন কর্মকর্তা নিয়োগ করা হলো। তিনি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সেগুণবাগিচা, ঢাকা হতে মঞ্জুরীকৃত অর্থ বিলের মাধ্যমে উত্তোলন পূর্বক তফসীলভুক্ত ব্যাংকে জমাকরত: নীতিমালা অনুসারে ঋণ বিতরণ ও আদায়ের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৯.১১.২০২৬

(ডা. মু: আসাদুজ্জামান)
উপসচিব (বাজেট)
টেলিফোনঃ ০২২২৩৩৮০১৩৩
dsbudget@molwa.gov.bd

অপর পৃষ্ঠায় সদয় দ্রষ্টব্য

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০৬.২০.০০২.২০১১-১৮(অংশ-১)-৯১৬

তারিখঃ ০৪ অগ্রহায়ণ ১৪৩৩ / ১৯ নভেম্বর ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা;
২। মন্ত্রীর একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৩। উপসচিব, বাজেট-৮, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৫। সিস্টেম এনালিষ্ট (আইসিটি), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মঞ্জুরি পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। বাজেট/হিসাব শাখা, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা;
৭। অফিস কপি।

১৯.১১.২০২৬

(ডা: মু: আসাদুজ্জামান)
উপসচিব(বাজেট)
টেলিফোনঃ ০২২২৩৩৮০১৩৩